



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/14/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো আপস্টেট নিউ ইয়র্কের ছয়জন গণ পরিবহণ প্রদানকারী টিকা দেওয়া ব্যক্তিদের বিনামূল্যে সাত দিনের গণ পরিবহণ পাস প্রদান করবে বলে ঘোষণা করেছেন

যে কেউ যিনি অংশগ্রহণকারী পরিবহন রিডেম্পশন সেন্টারে 15 জুন থেকে 14 জুলাই পর্যন্ত টিকাকরণের প্রমাণ দেখাতে পারবেন তিনি সীমাহীন সাত দিনের গণ পরিবহণের পাস পাবেন

ইনসেনটিভ প্রোগ্রাম COVID-19 টিকা পাওয়ার গুরুত্ব তুলে ধরে, আরও নিউ ইয়র্কবাসীকে টিকা নিতে উৎসাহিত করার জন্য বিভিন্ন প্রণোদনার উপর ভিত্তি করে গড়ে তোলে

গভর্নর অ্যাঙ্কু এম কুওমো আজ ঘোষণা করেছেন যে রাজ্য আপস্টেট নিউ ইয়র্কের ছয়টি গণ পরিবহণ প্রদানকারীর সাথে অংশীদারিত্ব করছে যাতে আরও নিউ ইয়র্কবাসীকে টিকা দেওয়ার জন্য উৎসাহিত করা যায়। ছয়টি প্রদানকারী রাজধানী, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং সাউদার্ন টিয়ার অঞ্চলগুলি কভার করে। যে কেউ যিনি 15 জুন থেকে 14 জুলাইয়ের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের যে কোনও প্রদানকারীর কাছে ফাইজার (Pfizer) বা মডার্না (Moderna) বা একক ডোজ জনসন অ্যান্ড জনসন (Johnson & Johnson) টিকার প্রথম ডোজ গ্রহণ করেন এবং 14 জুলাইয়ের মধ্যে অংশগ্রহণকারী পরিবহন রিডেম্পশন সেন্টারে টিকাকরণের প্রমাণ উপস্থাপন করেন, তিনি একটি অংশগ্রহণকারী প্রদানকারীর ট্রানজিট নেটওয়ার্কের সীমাহীন সাত দিনের গণ পরিবহণ পাস পাবেন।

"আমাদের প্রণোদনা কার্যক্রম আরো নিউ ইয়র্কবাসীকে তাদের হাতা গুটিয়ে নিতে উৎসাহিত করেছে এবং আমাদের রাজ্যব্যাপী টিকাকরণের হারের সেই গুরুত্বপূর্ণ সীমা প্রায় অতিক্রম করার অবস্থায় নিয়ে আসতে সহায়তা করেছে," **গভর্নর কুওমো বলেন।** "এই টিকা ভাইরাসের বিরুদ্ধে আমাদের একক সেরা অস্ত্র হিসাবে অব্যাহত রয়েছে, এবং যদি আপনি 14 জুলাইয়ের মধ্যে আপনার প্রথম শট নেন, তাহলে আপনি আপস্টেট নিউ ইয়র্কের ছয়টি প্রধান গণ পরিবহণ নেটওয়ার্কের মধ্যে একটিতে সাত দিনের জন্য বিনামূল্যে পরিবহনের জন্য যোগ্যতা অর্জন করবেন।"

অংশগ্রহণকারী প্রদানকারীদের মধ্যে রয়েছে:

- ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ট্রান্সপোর্টেশন অথোরিটি (Capital District Transportation Authority, CDTA)
- গ্রেটার গ্লেনস ফলস ট্রানজিট (Greater Glens Falls Transit)

- রোচেস্টার-জিনসি রিজিওনাল ট্রান্সপোর্টেশন অথরিটি (Rochester-Genesee Regional Transportation Authority)
- সেন্ট্রাল নিউ ইয়র্ক রিজিওনাল ট্রান্সপোর্টেশন অথরিটি (Central New York Regional Transportation Authority)
- টম্পকিনস কনসোলিডেটেড এরিয়া ট্রানজিট (Tompkins Consolidated Area Transit)
- ব্রুম কাউন্টি ট্রানজিট (Broome County Transit)

এই ছয়টি অংশগ্রহণকারী গণ পরিবহন ব্যবস্থা 2019 সালে সম্মিলিতভাবে 46 মিলিয়ন যাত্রার ব্যবস্থা করেছিল।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করার জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান সুবিধাগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে সকল নিউ ইয়র্কবাসী টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে (Department of Health) ইমেল করতে পারেন। হটলাইন কর্মীরা উপযুক্ত তদন্তকারী সংস্থাগুলির কাছে অভিযোগগুলি পাঠাবেন এটি নিশ্চিত করতে যে, যখন স্টেট সমগ্র যোগ্য জনসংখ্যাকে টিকা প্রদানের কাজ করছে তখন নিউ ইয়র্কবাসীদের সাথে কেউ যেন প্রতারণা না করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)